

## সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়নের গাইডলাইন

১. উপজেলা সম্প্রসারণ পরিকল্পনাটি অবশ্যই A4 কাগজে কম্পিউটার কম্পোজ করে প্রণয়ন করতে হবে। পরিকল্পনাটি স্পাইরাল বাইন্ডিং হতে হবে। ইউইসিসি সভায় অনুমোদিত পরিকল্পনাটির প্রতি পৃষ্ঠায় সংশ্লিষ্ট অফিস প্রধান, সভাপতি ও সদস্য সচিবের অনুস্বাক্ষর থাকবে।

২. সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়ায় প্রথমেই সিআইজি মাইক্রো পরিকল্পনা প্রণয়নের ধাপ সম্পন্ন করতে হবে। পরবর্তীতে সিআইজি মাইক্রো পরিকল্পনার ভিত্তিতে ইউনিয়ন সম্প্রসারণ মাইক্রো পরিকল্পনা তৈরি করতে হবে। সবশেষে ইউনিয়ন সম্প্রসারণ মাইক্রো পরিকল্পনার ভিত্তিতে / একত্রীকরণের মাধ্যমে উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

৩. সম্প্রসারণ পরিকল্পনা তৈরির সময় প্রকল্প অনুমোদিত বিভিন্ন সম্প্রসারণ কার্যক্রমের মোট লক্ষ্যমাত্রা অবশ্যই অনুসরণ করতে হবে। লক্ষ্যমাত্রায় বর্ধিত প্রযুক্তিসমূহ ফসলী মৌসুম ও এলাকার বৈশিষ্ট্য, যেমন; ভূমিরূপ / এইজেড, জলবায়ু, স্থানীয় চাহিদা, উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ সুবিধা ইত্যাদি বিবেচনায় নিয়ে সম্প্রসারণ পরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে ও পরবর্তীতে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪. যে কোন একটি প্রযুক্তির আওতায় প্রদর্শনীর সংখ্যা মোট প্রদর্শনীর ২০% এর বেশী হবে না। ক্রাইমেট স্মার্ট প্রযুক্তির আওতায় অবশ্যই ১০% প্রদর্শনী পরিকল্পনায় প্রস্তাব করতে হবে।

৫. এনএটিপি-১ (পুরাতন উপজেলায়) এর আওতায় গঠিত সিআইজি কৃষক ও তাদের অনুসরণকারী কৃষকদের মাঝে যে সকল প্রযুক্তি ইতোমধ্যে সম্প্রসারিত হয়েছে সেগুলো এনএটিপি-২ প্রকল্পের আওতায় সংশ্লিষ্ট পুরাতন সিআইজিতে পুনরায় বাস্তবায়নের জন্য পরিকল্পনা গ্রহণ করা যাবে না।

৬. সিআইজি কর্তৃক মাইক্রো-পরিকল্পনা তৈরীর সময় কৃষকদেরকে সংশ্লিষ্ট এলাকার উপযোগী সর্বাধুনিক কৃষি প্রযুক্তি বিষয়ে সুস্পষ্ট ধারণা দিতে হবে এবং এর সুবিধাদি আলোচনা করতে হবে। যেমন; ট্রাইকো-কম্পোষ্ট, ডার্মি-কম্পোষ্ট, নতুন ধরনের / জাতের ফসল চাষ, উচ্চমূল্যের ফসল চাষ, জলবায়ু পরিবর্তন অভিযোজনকম জাতের চাষ ও অন্যান্য।

৭. প্রদর্শনী প্রযুক্তি ও ফসল নির্বাচনে সর্বাধুনিক কৃষি প্রযুক্তি, ফসলী মৌসুম, স্থানীয় আবাহাওয়া ও জলবায়ু, এইজেড, সিআইজি কৃষকদের চাহিদা এবং কৃষিপণ্যের বাজারজাতকরণ সুবিধা ইত্যাদি বিবেচনায় নিতে হবে। প্রদর্শনী প্রযুক্তি নির্বাচনে এনএটিপি-২ প্রকল্পের আওতায় সম্প্রসারণযোগ্য প্রযুক্তি এবং প্রযুক্তিসমূহের প্রয়োগ পদ্ধতির বিবরণ (Potential Technologies & Methods of their Dissemination under the Project PIU-NATP2-DAE) - (সংযুক্ত) অগ্রাধিকার ভিত্তিতে অনুসরণ করতে হবে।

৮. সিআইজি মাইক্রোপরিকল্পনা তৈরির একক বরাদ্দ-৩০০.০০ টাকা, ইউনিয়ন মাইক্রো সম্প্রসারণ পরিকল্পনা তৈরির একক বরাদ্দ-১০০০.০০ টাকা এবং উপজেলা সম্প্রসারণ পরিকল্পনা তৈরির একক বরাদ্দ-৫০০০.০০ টাকা।

৯. সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়নে সিআইজি কৃষক প্রদত্ত ব্যয়/খরচ শুধুমাত্র প্রদর্শনীর ক্ষেত্রে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে জমি তৈরি ও শ্রমিকের পারিশ্রমিক ব্যয় বিবেচনায় নিতে হবে।